



একই স্মারক ও তারিখ ঠিক রেখে বিকল্প পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



www.dshe.gov.bd

স্মারক নং-৭জি/৫৩৮/(ক-৩)/২০০৫/১০৯৪/৭

তারিখ: ০২/০৪/২০২৪খ্রি.

বিষয়ঃ ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান সংক্রান্ত।

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০২১.৫১; তারিখ: ০৫/০২/২০২৪খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলাধীন আলফাডাঙ্গা আদর্শ ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ জনাব কামাল আতাউর রহমান অধ্যক্ষের শূণ্য পদে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান ও সভাপতির স্বেচ্ছাচারিতা প্রতিকার চেয়ে আবেদন করেছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রস্ব স্মারক মোতাবেক পত্রের (ক) ধারায় উল্লেখ রয়েছে যে, “প্রতিষ্ঠানটি মাধ্যমিক বিদ্যালয় অথবা স্নাতক (পাস) কলেজ হলে, সহকারী প্রধান শিক্ষক/উপাধ্যক্ষ ব্যতিত অন্য কোন শিক্ষককে প্রধান শিক্ষক/অধ্যক্ষের দায়িত্বভার অর্পন করা যাবে না। তবে সহকারী প্রধান শিক্ষক/উপাধ্যক্ষের পদ শূণ্য থাকলে কর্মরত শিক্ষকদের মধ্যে থেকে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক/জ্যেষ্ঠতম সহকারী অধ্যাপককে প্রধান শিক্ষক/অধ্যক্ষের দায়িত্ব প্রদান করতে হবে।”

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০২১.৫১; তারিখ: ০৫/০২/২০২৪খ্রি. মোতাবেক পত্রের আলোকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

সভাপতি

পরিচালনা পরিষদ, আলফাডাঙ্গা আদর্শ ডিগ্রি কলেজ

আলফাডাঙ্গা, ফরিদপুর;

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা (বর্ণিত বিষয়ে সার্বিক সহযোগীতার অনুরোধসহ);
২. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস, মাউশি অধিদপ্তর (পত্রখানা মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর (বর্ণিত বিষয়ে সার্বিক সহযোগীতার অনুরোধসহ);
৫. জনাব কামাল আতাউর রহমান, উপাধ্যক্ষ, আলফাডাঙ্গা আদর্শ ডিগ্রি কলেজ, আলফাডাঙ্গা, ফরিদপুর;
৬. ভারপ্রাপ্ত অধ্যক্ষ, আলফাডাঙ্গা আদর্শ ডিগ্রি কলেজ, আলফাডাঙ্গা, ফরিদপুর;
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর (প্রাপকের নিকট পত্রটি পৌছানোর অনুরোধসহ)
৮. সংরক্ষণ নথি।